দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 08 MAR 1995 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

# ভোলায় প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে

ভোলা, ৭ মার্চ (নিজস্ব সংবাদদাতা) ঃ- স্কুল ও শিক্ষক স্বল্পতার কারণে ভোলায় প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। অনেক স্কুলে দু' শিফট ক্লাস চালিয়েও অবস্থা সামাল দেয়া যাচ্ছে না।

ভোলা জেলায় ১০ হাজার ৪৪১ জন শিক্ষক এবং ১৭৫১টি স্কুলের প্রয়োজন। অথচ বাস্তবে ৩ হাজার ৫১৫ জন শিক্ষক এবং ৭৩৫টি স্কুল দিয়ে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চলছে। বর্তমানে ভোলা জেলায় প্রায় ৫ লাখ ৫০ হাজার শিশু প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়ন করছে। এদের পাঠদান কার্যক্রম চলছে হতাশাব্যঞ্জকভাবে।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ভোলা সদর থানায় মোট ছাত্রছাত্রী ৬৪ হাজার ১৭৭ জন, শিক্ষক প্রয়োজন ১ হাজার ২৯১ জন, কিন্তু শিক্ষক রয়েছেন ৪৩২ জন এবং স্কুল প্রয়োজন ১৮৫টি আছে ৯৫টি। বোরহানউদ্দীন থানায় ছাত্রছাত্রী ৪০ হাজার ৫১ জন। শিক্ষক প্রয়োজন ৮০১ জন রয়েছেন ২৭১ জন এবং স্কুল প্রয়োজন ১১৪টি আছে ৬১টি।

চরফ্যাশন থানায় ছাত্রছাত্রীর সংখ্যা ৬২ হাজার ৮০২ জন। শিক্ষক প্রয়োজন ১২৫৬ জন, রয়েছেন ৩০ জন এবং স্কুল প্রয়োজন ১৭৯টি আছে ৭১টি। তজুমদ্দিন থানায় ছাত্রছাত্রী ২৩ হাজার ৯২২ জন। শিক্ষক প্রয়োজন ৪৭৮ জন, রয়েছেন ২২৪ জন। মনপুরা থানায় ছাত্রছাত্রী ১১ হাজার ৬৪২ জন শিক্ষক প্রয়োজন ২৩২ জন রয়েছেন ৫৩ জন এবং স্কুল প্রয়োজন ৩৩টি, আছে ১৪টি। দৌলতখান থানায় ছাত্রছাত্রীর সংখ্যা ২৯ হাজার ৯৫ জন। শিক্ষক প্রয়োজন ৫৮১ জন রয়েছেন ২৭৪ জন এবং স্কুল প্রয়োজন ৮৩টি আছে ৩৬টি। লালমোহন থানায় ছাত্রছাত্রী ২৬ হাজার ১২৫ জন। শিক্ষক প্রয়োজন ৫২২ জন রয়েছেন ৩১৫ জন এবং স্কুল প্রয়োজন ৮৪টি আছে ৭২টি।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসের হিসাব অনুযায়ী সরকারী স্কুল ৪২৪টি, বেসরকারী রেজিস্টার্ড স্কুল ৩১১টি এবং আনরেজিস্টার্ড স্কুল ১২০টি।

সরকারী স্কুলসমূহে লেখাপড়া করছে ২ লাখ ৭৮ হাজার ৬৫৬ ছাত্রছাত্রী এবং বেসরকারী স্কুলে ২ লাখ ৮০ হাজার ছাত্রছাত্রী। বর্তমানে সরকারী স্কুলে ১৮৭২ জন শিক্ষক এবং বেসরকারী স্কুলে ১৭২৪ জন শিক্ষক রয়েছেন। আরও ৬ হাজার ৮৪৫ জন শিক্ষক হলে মোটামুটি শিক্ষক স্বল্পতা পূরণ করা যায়।

অপরদিকে জেলার ৭টি থানার স্কুলগুলোতে প্রধান শিক্ষকের ২৬টি পদ শূন্য রয়েছে। শিক্ষক স্বল্পতা এবং স্কুলে স্থান সংকুলানের জন্য জেলার ৩৫/৪০ ভাগ স্কুলে দু' শিফট ক্লাস হচ্ছে। তবুও একেক শিফটে শিক্ষক অনুপাতে ছাত্রছাত্রীর সংখ্যা অনেক বেশি।